

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুড়ী, মৌলভীবাজার
www.juri.moulvibazar.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৩৫.০০১.১২.০০৪.২২. ৬৮৫

তারিখ: ১৬/০৮/২০২৩খ্রি:

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা কমিটির সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা কমিটির সভা আগামী ২০/০৮/২০২৩ খ্রি. তারিখ বিকাল ১১.১৫ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষ, জুড়ীতে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(রঞ্জন চন্দ্র দে)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার
ফোন: ০২৯৯৬৬৮৫৪০১

Email-unojuri@mopa.gov.bd

প্রাপক

অনুলিপি: সদয় অবগতির জন্য
০১। জেলা প্রশাসক, মৌলভীবাজার
০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী
০৩। অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুড়ী, মৌলভীবাজার।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত উপজেলা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : রঞ্জন চন্দ্র দে
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার
তারিখ ২০/০৮/২০২৩ খ্রি:
সময় : বেলা ১১.১৫ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, জুড়ী
সভায় উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভার প্রারম্ভে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, রাষ্ট্রের অন্যতম দায়িত্ব হলো সুশাসন, মানবাধিকার ও ন্যায় বিচার নিশ্চিতকরণ। জনগণের সার্বিক কল্যাণ এবং রাষ্ট্রীয় কর্মকাণ্ডে উচ্চাঙ্গ প্রতিষ্ঠায় বর্তমান সরকার নিবেদিত। সুশাসন প্রতিষ্ঠা তথা দুর্নীতি দমন, শুদ্ধাচার ও সেবা পদ্ধতি সহজীকরণ ছাড়া এ লক্ষ্য অর্জন সম্ভব নয়। বাংলাদেশকে ক্ষুধা, বেকারত্ব ও দারিদ্র্যমুক্ত করার প্রত্যয় ঘোষণা করা হয়েছে। শুদ্ধাচার হলো নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ। ব্যক্তি পর্যায়ে এর অর্থ হচ্ছে কর্তব্যনিষ্ঠা ও সততা। সরকারি সেবা সহজে জনসাধারণের কাছে পৌঁছে দেয়ার ক্ষেত্রে এ কৌশলটি বিশেষ ভূমিকা পালন করবে সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করবে।

দাপ্তরিক সেবা সহজীকরণ এর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা পর্যায়ের প্রতিটি দপ্তরে এবং ইউনিয়ন পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। বিস্তারিত আলোচনান্তে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের নিমিত্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	প্রশাসনিক কর্মকাণ্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সিটিজেন চার্টারে বর্ণিত সময়সীমার মধ্যে সেবা গ্রহিতাদের সেবা প্রদান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পর্যায়ের প্রতিটি দপ্তর এবং ইউপি চেয়ারম্যান(সকল)।
০২.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম বহুল প্রচারের নিমিত্তে লিফলেট বিতরণ ও সভা ইত্যাদির মাধ্যমে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।	ইউপি চেয়ারম্যান(সকল)।
০৩.	ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে ভূ-সম্পত্তির খতিয়ান সরবরাহের সিদ্ধান্ত গৃহিত হয়।	সহকারী কমিশনার(ভূমি)
০৪.	খাদ্যে ব্যবহৃত রাসায়নিক পদার্থের ক্ষতিকর দিক /খাদ্যে ভেজাল প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।	ইউপি চেয়ারম্যান(সকল)।

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৫.	সামাজিক নিরাপত্তা কর্মসূচীতে প্রাপ্ত বরাদ্দ ও উপকারভোগী নির্বাচনের মানদণ্ড দৃশ্যমান স্থানে স্থাপনের জন্য এবং ওয়েব সাইটে প্রকাশের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমাজসেবা অফিসার, জুড়ী
০৬	উপজেলার সকল দপ্তরে অভিযোগ বক্স স্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পর্যায়ের প্রতিটি দপ্তর
	জাতীয় শুদ্ধাচার কৌশলকর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর অন্যান্য সকল কার্যক্রমের প্রতি ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা এবং নির্দেশিকা মোতাবেক অর্জন নিশ্চিত করার জন্য সভাপতি সকলকে অনুরোধ করেন।	উপজেলা পর্যায়ের প্রতিটি দপ্তর

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(রঞ্জন চন্দ্র দে)

উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত
উপজেলা নৈতিকতা কমিটি, জুড়ী, মৌলভীবাজার

স্মারক নং-০৫.৪৬.৫৮৩৫.০০১.০৪.০১৭.১৭. ৬৭২

তারিখ : ২০/০৮/২০২৩খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতির জন্য

০১। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০২। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী।

জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল।

০৪। সহকারী কমিশনার(ভূমি), জুড়ী।

০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জুড়ী

০৬। উপজেলাকর্মকর্তা, জুড়ী।

০৭। অফিসার ইন চার্জ, জুড়ী থানা।

০৮। চেয়ারম্যান,.....ইউ/পি(সকল)।



উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার।